গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল
www.dshe.rajshahidiv.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০২.৯৯.০০০৫.২৪.১২২ তারিখ: ৯ ভাদ্র ১৪৩৩ / ২৪ আগস্ট ২০২৬

বিষয়: **আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি/ ২৬ আগষ্ট, ২০২৬ খ্রি. তারিখে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন এবং উহা সুষ্ঠুভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: মাউশি অধিদপ্তরের স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.১৮.০০১.২৪-৬৭৯০/১১; তারিখ: ২৩/০৮/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি/ ২৬ আগষ্ট, ২০২৬ খ্রি. তারিখে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যথাযাগ্যে মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে পালন বিষয়ে মাউশি অধিদপ্তরের ২৩/০৮/২০২৬ খ্রি. তারিখের ৩৭.০২.০০০০.১০১.১৮.০০১.২৪-৬৭৯০/১১ নং স্মারকের নির্দেশনার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ**
(১) বর্ণনা মোতাবেক।

২৪-০৮-২০২৬
প্রফেসর মো: হুমায়ূন কবীর
পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
২। অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৩। আঞ্চলিক উপপরিচালক (ভারপ্রাপ্ত), বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৪। জেলা শিক্ষা অফিসার (সকল), রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৫। প্রধান শিক্ষক (সকল), সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী অঞ্চল, রাজশাহী [তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণের অনুরোধসহ]।

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০২.৯৯.০০০৫.২৪.১২২/১ (৬) তারিখ: ৯ ভাদ্র ১৪৩৩ / ২৪ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩। পরিচালক, কলেজ ও প্রশাসন উইং , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৪। সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।

৫। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী [পত্রটি অত্র কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৬। সংরক্ষণ নথি।

২৪-০৮-২০২৬
প্রফেসর মো: হুমায়ূন কবীর
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.১৮.০০১.২৪-৬৭৯০/১১ তারিখ: ২৩/০৮/২০২৬ খ্রি.

বিষয়: আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি/২৬ আগষ্ট, ২০২৬ খ্রি. তারিখে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন এবং উহা সুষ্টুভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ১৬.০০.০০০০.০০০.০২১.১৬.০০০৩.২৬.২১; তারিখ: ১৭ আগস্ট ২০২৬খ্রি.
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭-২৩২; তারিখ: ২৩/০৮/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি/২৬ আগষ্ট, ২০২৬ খ্রি. তারিখে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যথাযোগ্য মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে নিম্নোক্ত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্র.নং | কর্মসূচি |
|---|---|
| ০১ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন সকল দপ্তর এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন |
| ০২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে হযরত মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর জীবনী ও কর্ম এবং ইসলামে শান্তি, প্রগতি, সৌহার্দ্য, সহিষ্ণুতা, বিশ্ব ভ্রাতৃত্ব, মানবাধিকার, নারীর মর্যাদা ইত্যাদি বিষয়ের উপর আলোচনা সভা, দোয়া মাহফিল, হাম্‌দ-নাত, স্বরচিত কবিতা পাঠ, ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং হযরত মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর জীবনীর উপর কুইজ প্রতিযোগিতার আয়োজন করা। |

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

23.08.26

(মোঃ রেজাউল করিম)
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৯৭১
ad-admin@dshe.gov.bd

বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল);
২) অধ্যক্ষ, সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ (সকল)
৩) অধ্যক্ষ, বেসরকারি কলেজ (সকল)
৪) উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৫) জেলা শিক্ষা অফিসার (সকল);
৬) প্রধান শিক্ষক, সরকারি/ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)
৭) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে
১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ,সচিবালয়, ঢাকা;
২) পরিচালক (ক: ও প্র:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
২) সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৪) সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭-২৩২

তারিখঃ ০৮ ভাদ্র ১৪৩৩ / ২৩ আগস্ট ২০২৬

**বিষয়: পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)/২০২৬ খ্রি: (১৪৪৮ হিজরি) উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন এবং উহা সুষ্ঠুভাবে বাস্তবায়ন।**

সূত্র: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং-১৬.০০.০০০০.০০০.০২১.১৬.০০০৩.২৬.২১, তারিখ: ১৭ আগস্ট ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)/২০২৬ খ্রি: (১৪৪৮ হিজরি) যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদ্‌যাপনের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত নং-০৮ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

(মো: রাজিবুল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২৫৫১০১২২০
ইমেইল- sas_admin1@moedu.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭-২৩২

তারিখঃ ০৮ ভাদ্র ১৪৩৩ / ২৩ আগস্ট ২০২৬

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১) যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অফিস কপি।

(মো: রাজিবুল আলম)
সিনিয়র সহকারী সচিব

সচিব মহোদয়ের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো
একান্ত সচিব
তারিখ:
ডাইরি নং-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

**বিষয়: পবিত্র-ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)/২০২৬ খ্রি: (১৪৪৮ হিজরি) উদযাপনের জন্য জাতীয় কর্মসূচি গ্রহণের লক্ষ্যে ১৩.০৮.২০২৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মুন্সী আলাউদ্দিন আল আজাদ, এনডিসি<br>সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | ১৩ আগস্ট ২০২৬ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-১৫১৫, ভবন নং- ৬),<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং একই সাথে জুম ক্লাউড প্লাটফর্ম। |
| উপস্থিতি | পরিশিষ্ট - ক |

সভায় সম্মানিত সভাপতি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ) শারীরিক অসুস্থতাজনিত কারণে সভায় উপস্থিত থাকতে না পারায় মাননীয় মন্ত্রীর পক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মুন্সী আলাউদ্দিন আল আজাদ, এনডিসি সভায় সভাপতিত্ব করেন এবং মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর পক্ষ থেকে আসন্ন পবিত্র-ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সারা দেশব্যাপী যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য বজায় রেখে আসন্ন পবিত্র-ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ১৪৪৮ হিজরি উদযাপন উপলক্ষ্যে হযরত মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর জীবনী ও কর্মের উপর আলোচনা, বিশেষ করে ইসলামে শান্তি, প্রগতি, সৌহার্দ্য, সহিষ্ণুতা, বিশ্ব-ভ্রাতৃত্ব, মানবাধিকার, নারীর মর্যাদা ইত্যাদি বিষয়ের উপর তিনি গুরুত্বারোপ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয় ও সংস্কার) জনাব মোহাম্মদ মাহবুব আলম সভার কার্যপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান। | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদযাপন উপলক্ষ্যে প্রতি বছর মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশ্যে বাণী প্রদান করে থাকেন। বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ/আপন বিভাগ)<br>২. প্রধানমন্ত্রীর কার্যালয়<br>৩. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>৪. তথ্য অধিদপ্তর |
| ২ | সরকারি, আধা-সরকারি ভবন, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি ভবন ও সশস্ত্র বাহিনীর সকল স্থাপনাসমূহে জাতীয় পতাকা উত্তোলন। | (ক) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)/২০২৬ খ্রি: (হিজরি ১৪৪৮) উদযাপনের দিন সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত , বেসরকারি ভবন ও সশস্ত্র বাহিনীর সকল সদর দপ্তর/ ইউনিট/ঘাঁটি/জাহাজসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।<br>(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সারাদেশে জেলা/উপজেলা প্রশাসন ও স্থানীয় সরকার বিভাগকে ঐদিন জাতীয় পতাকা উত্তোলনের জন্য অনুরোধ জানানো হবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ ২. সচিবালয়ের অভ্যন্তরে গণপূর্ত বিভাগ ৩. সচিবালয়ের বাইরে স্ব-স্ব মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থা/ দপ্তর/ জেলা প্রশাসন/সিটি কর্পোরেশন/ পৌরসভা ৪. সশস্ত্র বাহিনী বিভাগ |

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-প্রশাসন-১ সংস্থাপন
ডাইরী নং ৭০০
তারিখ 20/08/26

২৩

| | | | |
|---|---|---|---|
| ৩ | জাতীয় পতাকা ও 'কালেমা তায়্যিবা' লিখিত ব্যানার ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ট্রাফিক আইল্যান্ড ও লাইট পোস্টে প্রদর্শন। | (ক) প্রতি বছরের ন্যায় এ বছরও ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ট্রাফিক আইল্যান্ড, গুরুত্বপূর্ণ স্থান ও রাস্তাসমূহে জাতীয় পতাকা, রঙিন পতাকা ও কালেমা তায়্যিবা লিখিত ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিমান বন্দর থেকে বনানী হয়ে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, ছাত্র-শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আবদুল গণি রোড, শহীদ আবরার ফাহাদ এভিনিউ, ডিআইটি এভিনিউ হয়ে বঙ্গভবন পর্যন্ত, সেনানিবাস এলাকা এবং জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চার পার্শ্বের রাস্তাসমূহ , প্রধানমন্ত্রীর কার্যালয় ও রাষ্ট্রপতির কার্যালয়ের সম্মুখের রাস্তায় 'কালেমা তায়্যিবা' লিখিত ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) সবুজ জমিনের উপর সাদা রঙের কালেমা তায়্যিবা লিখিত ৫´x৩´ সাইজের ব্যানারে মানানসই ফন্টে পতাকা প্রস্তুত ও প্রদর্শন করতে হবে। **গুরুত্বসহকারে পতাকার বর্ণিত রঙের বিষয়টি বিবেচনায় নিতে হবে।**<br>(গ) অন্যান্য সিটি কর্পোরেশনও নির্দেশনার আলোকে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবে। | ১. গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা<br>২. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>৩.স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়<br>৪. প্রতিরক্ষা মন্ত্রণালয়<br>৫. গণপূর্ত অধিদপ্তর<br>৬. সকল সিটি কর্পোরেশন<br>৭. সশস্ত্র বাহিনী বিভাগ |
| ৪ | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে বাংলাদেশ সচিবালয় মসজিদে দোয়া আয়োজন। | (ক) আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি (চাঁদ দেখা সাপেক্ষে ২৬ আগস্ট, ২০২৬) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদযাপন উপলক্ষ্যে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবীর দিন ও এর পরবর্তী কর্মদিবসে (উভয় দিন) বাংলাদেশ সচিবালয় কেন্দ্রীয় জামে মসজিদে বাদ জোহর দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।<br>(খ) গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক দোয়া মাহফিলে সাউন্ড সিস্টেম সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ<br>২. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>৩. ইসলামিক ফাউন্ডেশন<br>৪. গণযোগাযোগ অধিদপ্তর |
| ৫ | ১৪৪৮ হিজরি সনের পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন। | (ক) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া/প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক ওয়াজ মাহফিল, বাংলাদেশ বেতার এর জন্য সেমিনার/টকশো ধারণ ও প্রচার, ক্বিরাত মাহফিল, হাম্দ-নাত, স্বরচিত কবিতা পাঠ, ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক প্রতিযোগিতা, আরবীতে খুৎবা লেখা প্রতিযোগিতা, সেমিনার এবং ঈদে মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে স্মরণিকা/ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ইসলামিক ফাউন্ডেশন ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদযাপন উপলক্ষ্যে ১২ই রবিউল আউয়াল এবং পরবর্তী মাসব্যাপী বায়তুল মোকাররম মসজিদের দক্ষিণ প্রান্তে ইসলামিক বই মেলার আয়োজন করবে। বই মেলার প্রয়োজনীয় স্থান সংকুলানের বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও ক্রীড়া পরিদপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয় করতে হবে।উক্ত বই মেলা সম্পর্কিত কর্মসূচি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।<br>(গ) বায়তুল মোকাররম মসজিদে দোয়া অনুষ্ঠানের দিন ৩য় ও ৪র্থ তলা পর্যন্ত পরিষ্কার রাখতে হবে।<br>(ঘ) গণযোগাযোগ অধিদপ্তর দোয়া মাহফিলে সাউন্ড সিস্টেম সরবরাহ করবে। | ১. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>২. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>৩. যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>৪. ইসলামিক ফাউন্ডেশন<br>৫. তথ্য অধিদপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>৬. বিদ্যুৎ বিভাগ<br>৭. গণযোগাযোগ অধিদপ্তর<br>৮. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>৯. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>১০. ঢাকা ওয়াসা<br>১১.ক্রীড়া পরিদপ্তর<br>১২. বাংলাদেশ টেলিভিশন<br>১৩. বাংলাদেশ বেতার<br>১৪. প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াসহ সকল প্রচার মাধ্যম |

| | | | |
|---|---|---|---|
| ৬ | বিভাগ/জেলা/উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা/সশস্ত্র বাহিনী বিভাগ/ বেসরকারি সংস্থাসমূহে হযরত মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর জীবন ও কর্মের উপর আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানের আয়োজন। | (ক) সকল বিভাগ, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, সিটি কর্পোরেশন, পৌরসভা, সশস্ত্র বাহিনী বিভাগ, নিজ নিজ অধিক্ষেত্রে ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচীর আলোকে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে।<br><br>(খ) সারা দেশে সকল মসজিদে জেলা ও উপজেলা প্রশাসন এবং মসজিদ কমিটির সহযোগিতায় নিজস্ব ব্যবস্থাপনায় দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ<br>২. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>৩. স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়<br>৪. সশস্ত্র বাহিনী বিভাগ<br>৫. ইসলামিক ফাউন্ডেশন |
| ৭ | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার কর্তৃক যথাযথ গুরুত্বসহকারে বিশেষ অনুষ্ঠান প্রচার ও সংবাদপত্র সমূহে ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে বিশেষ সংখ্যা (ক্রোড়পত্র) প্রকাশ। | বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, অন্যান্য ইলেকট্রনিক মিডিয়া ও বিভিন্ন প্রচার মাধ্যমে গুরুত্বসহকারে পবিত্র ঈদ-ই- মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন ও তথ্য অধিদপ্তর সংবাদপত্রসমূহে ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে বিশেষ ক্রোড়পত্র প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।<br>২. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/তথ্য অধিদপ্তর/ গণযোগাযোগ অধিদপ্তর<br>৩. ইসলামিক ফাউন্ডেশন<br>৪. বাংলাদেশ টেলিভিশন<br>৫. বাংলাদেশ বেতার<br>৬. প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ সকল প্রচার মাধ্যম |
| ৮ | বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান/জেলা শিল্পকলা একাডেমি/শিশু একাডেমি/ অন্যান্য সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে দোয়া মাহফিলসহ বিশেষ কর্মসূচি গ্রহণ। | বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, জেলা শিল্পকলা একাডেমি/শিশু একাডেমি/অন্যান্য সাংস্কৃতিক প্রতিষ্ঠান, ইসলামিক ফাউন্ডেশন, ওয়াকফ প্রশাসন, হজ অফিস, আশকোনা, ঢাকা ও হজ অফিস, জেদ্দাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক হযরত মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর জীবনী ও কর্ম এবং ইসলামে শান্তি, প্রগতি, সৌহার্দ্য, সহিষ্ণুতা, বিশ্ব-ভ্রাতৃত্ব, মানবাধিকার, নারীর মর্যাদা ইত্যাদি বিষয়ের উপর আলোচনা সভা, দোয়া মাহফিল, হাম্দ-নাত, স্বরচিত কবিতা পাঠ, ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং হযরত মোহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর জীবনীর উপর কুইজ প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | ১. মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।<br>২. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>৩. সমাজকল্যাণ মন্ত্রণালয়।<br>৪. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>৫. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>৬.ইসলামিক ফাউন্ডেশন।<br>৭. বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়<br>৮. হজ অফিস, আশকোনা, ঢাকা<br>৯. হজ অফিস, জেদ্দা, সৌদি আরব<br>১০. শিল্পকলা একাডেমি<br>১১. বাংলাদেশ শিশু একাডেমি |
| ৯ | শিশুদের জন্য অনুষ্ঠান। | বাংলাদেশ শিশু একাডেমি শিশুদের জন্য প্রতি বছরের ন্যায় এবারও হামদ-নাত, আলোচনা সভা, রচনা-প্রতিযোগিতাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবে। উল্লেখ্য ২০২৫ খ্রি: সালে শিশু একাডেমির অনুকূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। এ বছরও অনুরূপভাবে বরাদ্দ প্রদান করা হবে। | ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. বাংলাদেশ শিশু একাডেমি |

| | | | |
|---|---|---|---|
| ১০ | দেশের সকল হাসপাতাল/ কারাগার/ সরকারি শিশু পরিবার/শিশু সদন/ আবাসিক শিশু বিকাশ কেন্দ্র /বৃদ্ধ নিবাস/ মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন। | দেশের সকল সামরিক ও বেসামরিক হাসপাতাল, কারাগার, সরকারি শিশু পরিবার, শিশু সদন, আবাসিক শিশু বিকাশ কেন্দ্র ও বৃদ্ধ নিবাস কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অফিসসমূহ এবং সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. জনপ্রশাসন মন্ত্রণালয়<br>২. স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>৩. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>৪. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৫. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৬. সশস্ত্র বাহিনী বিভাগ |
| ১১ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশনসমূহে যথাযথভাবে ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদযাপন। | বিদেশে অবস্থিত বালাদেশ দূতাবাস ও মিশনসমূহে যথাযথ মর্যাদা সহকারে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ১২ | সকল সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক সকল মহানগর /নগরের রাস্তা-ঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। | দেশের সকল সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক সকল মহানগর / নগরের রাস্তা-ঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়<br>২. সিটি কর্পোরেশন (সকল)<br>৩. পৌরসভা (সকল) |
| ১৩ | ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে সারাদেশে আইন শৃংখলা রক্ষার্থে বিশেষ ব্যবস্থা গ্রহণ। | ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উপলক্ষ্যে সারাদেশে আইন শৃংখলা রক্ষার্থে বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ও আইন শৃংখলা রক্ষার্থে ঐ দিন, পূর্বের দিন এবং পরের দিন ধর্মীয় অনুষ্ঠান ছাড়া অন্যান্য অনুষ্ঠান (যেমন-যাত্রা, জারিগান, আতশবাজি ইত্যাদি) বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ<br>২. স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>৩. বাংলাদেশ পুলিশ এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাসমূহ। |

৩। পরিশেষে সভাপতি ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যথাযযোগ্য মর্যাদায় এবং ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। অত:পর উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭-০৮-২০২৬
মুন্সী আলাউদ্দিন আল আজাদ, এনডিসি
সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ফোন : +৮৮-০২-৯৫১৪৫৩৩
ইমেইল : secretary@mora.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০০০.০২১.১৬.০০০৩.২৬.২১

তারিখ: ২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়।

৬। মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।।
৭। সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৮। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৯। সচিব, সচিবের দপ্তর, জন বিভাগ।
১০। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়।
১১। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
১২। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
১৩। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
১৪। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
১৫। সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৬। সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
১৭। সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৮। সচিব , সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১৯। সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।
২০। ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২১। প্রধান তথ্য অফিসার (গ্রেড-১), প্রধান তথ্য অফিসার এর দপ্তর, তথ্য অধিদফতর।
২২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ইসলামিক ফাউন্ডেশন।
২৩। অতিরিক্ত সচিব, সকল অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব ), প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২৫। নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), পরিকল্পনা ও নকশা বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
২৬। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।
২৭। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি।
২৮। কো- অর্ডিনেশন অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ টেলিভিশন।
২৯। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ বেতার।
৩০। যুগ্মসচিব (সকল) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর।
৩৩। পরিচালক, পরিচালক এর দপ্তর, হজ অফিস, ঢাকা।
৩৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৩৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩৬। জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩৭। অফিস কপি।

১৭-০৮-২০২৬
মামুন আল মোর্শেদ চৌধুরী
উপসচিব